গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১

# সিলেট বিভাগের হাওর অঞ্চলের ফসল রক্ষা বাঁধ নিমার্ণ/মেরামত বিষয়ক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার,সিলেট বিভাগ, সিলেট |
| সভার তারিখ | ১ ফেব্রুয়ারি, ২০২১, রোজ সোমবার |
| সভার সময় | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | Zoom App এর মাধ্যমে Video Conference |
| উপস্থিতি | Zoom উপস্থিতি তালিকা |

সভাপতি ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার সার্বিক সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

সভায় জানানো হয় যে, সিলেট বিভাগের দুটি জেলা যথা সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার হাওরের ফসল রক্ষার জন্য পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বিভিন্ন স্কিমের আওতায় বাঁধ নির্মাণ চলমান। এ সকল বাঁধ পিআইসির মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। সুনামগঞ্জ জেলায় গৃহীত স্কিমের সংখ্যা ৭৮৭, গঠিত পিআইসি সংখ্যা ৭৭৯, কাজ চলমান এরূপ স্কিম সংখ্যা ৬০২। অন্যদিকে হবিগঞ্জ জেলায় গৃহীত স্কিম সংখ্যা ৪৭, সকল স্কিমের পিআইসি গঠন করা হয়েছে এবং সকল স্কিমের কাজ শুরু হয়েছে। সুনামগঞ্জ জেলায় সকল স্কিমের পিআইসি গঠিত না হওয়ায় এবং সকল স্কিমের কাজ শুরু না হওয়ায় উদ্বেগ প্রকাশ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার এবং জগন্নাথপুর জানান যে, যে ৮টি পিআইসি গঠিত হয়নি তার আর প্রয়োজন হবে না। এ ৮টি স্কিম অত্যন্ত ছোট, পৃথক পিআইসি গঠনের প্রয়োজন নেই, অন্য স্কিমের সাথে সমন্বয় করে তা সাধন করা হবে। সভায় অতঃপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তপক্ষ |
|---|---|---|
| **<u>১. স্কিমের কাজ সম্পাদন:</u>**<br>যে সকল স্কিমের কাজ শুরু হয়নি সে সকল স্কিমের কাজ অতিদুত শুরু করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভায় আরও জানানো হয় যে বাঁধের কাজ শেষ করে মাটি বসা/কম্পাকশনের জন্য সময় দিতে হয়। এ লক্ষ্যে ২৮ ফেব্রুয়ারির মধ্যে কাজ সমাপ্ত করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।<br>সভায় জানানো হয় যে বাঁধ নির্মাণের কাজ মূলতঃ যান্ত্রিক ভাবে করা হচ্ছে। নির্মাণের অন্যতম যন্ত্র এক্সাভেটর। কাজে নিয়োজিত এক্সাভেটর সংখ্যা তালিকা করে সময় ভিত্তিক পরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক. সকল স্কিমের কাজ ৪/২/২০২১খ্রি: তারিখের মধ্যে শুরু নিশ্চিত করতে হবে।<br>খ. গৃহীত কাজ ২৮/২/২০২১খ্রি: তারিখের মধ্যে সমাপ্তি নিশ্চিত করতে হবে।<br>গ. বাঁধ নির্মাণে নিয়োজিত যন্ত্রপাতি মোতায়নের তালিকা বিবেচনা করে সময়ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ক. জেলা প্রশাসক (সুনামগঞ্জ/হবিগঞ্জ)<br>খ. নির্বাহী প্রকৌশলী, পাউবো (সুনামগঞ্জ/হবিগঞ্জ)<br>গ. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) |

| | | |
|---|---|---|
| **২. স্কিমের কাজ তদারকি:**<br>সভায় বাস্তবায়নাধীন কাজ নিবিড় তদারকির বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ক. বাস্তবায়িত কাজ তদারকি কর্মকর্তাগণ কর্তৃক নিবিড়ভাবে তত্ত্বাবধান করতে হবে।<br>খ. তদারকি কর্মকর্তাগণ বাঁধ পরিদর্শন করে সপ্তাহের প্রতি রবিবার এ বিষয়ে সাপ্তাহিক প্রতিবেদন দাখিল করবেন।<br>গ. বাঁধের কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য জেলা ও উপজেলা কমিটি প্রতি ১৫ দিনে সভা করবে। | ক. জেলা প্রশাসক (সুনামগঞ্জ/হবিগঞ্জ)<br>খ. নির্বাহী প্রকৌশলী, পাউবো (সুনামগঞ্জ/হবিগঞ্জ)<br>গ. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)<br>ঘ. তদারকি কর্মকর্তা (সকল) |
| **৩. বকেয়া বিল পরিশোধ:**<br>সভায় জানানো হয় যে গত বছরের কিছু স্কিমের বিল অদ্যাবধি পরিশোধ করা হয়নি। নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ জানান যে কিছু অভিযোগ থাকায় বিল পরিশোধ হয়নি, শীঘ্রই তা পরিশোধ করা হবে। গত বছরের বিল অদ্যাবধি পরিশোধিত না হওয়ায় সভায় উদ্বেগ প্রকাশ করা হয়। বিল পরিশোধিত না হওয়ায় চলমান বাঁধ নির্মাণ কাজে নেতিবাচক প্রভাব ফেলতে পারে মর্মে সভায় আশংকা প্রকাশ করা হয়। | ক. গত বছরের অপরিশোধিত বিল দ্রুত পরিশোধ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পাউবো (সুনামগঞ্জ/হবিগঞ্জ) |
| **৪. আগাম বন্যা প্রস্তুতি:**<br>সভায় জানানো হয় যে সিলেটে কখনো কখনো বৃষ্টি আগে-ভাগে চলে আসে। এতে আগাম বন্যার সৃষ্টি হয় এবং বাঁধে ফাঁটল বা ভাঙ্গানের আশংকা দেখা দেয়। বাঁধের ফাঁটল/ভাঙ্গান রোধে পূর্ব থেকে প্রস্তুতি যেমন শ্রমিক নিয়োগ ও অনুষঙ্গিক মালামাল (মাটি, বস্তা, বাঁশ) ইত্যাদির প্রয়োজন হয়। সভায় এ সম্পর্কে পূর্ব প্রস্তুতি গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | আগাম বন্যা মোকাবেলায় পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ক. জেলা প্রশাসক (সুনামগঞ্জ/হবিগঞ্জ)<br>খ. নির্বাহী প্রকৌশলী, পাউবো (সুনামগঞ্জ/হবিগঞ্জ)<br>গ. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) |
| **৫. ফসল আহরণ:**<br>সভায় জানানো হয় যে, হাওর অঞ্চলে অনেক সময় শ্রমিকের অভাব দেখা দেয়। আবার আগাম বন্যা চলে আসলে হাওরের ফসল দ্রুত কাটার প্রয়োজনীয়তা দেখা দেয়। ফসল আহরণের জন্য স্থানীয় জনসাধারণকে সম্পৃক্তকরণ, প্রয়োজনে বাইরের জেলা থেকে শ্রমিক সংগ্রহের প্রয়োজনীয়তা দেখা দেয়। এ ছাড়া কম্বাইন্ড হার্ভেস্টারের মাধ্যমে যান্ত্রিক উপায়ে দ্রুত ফসল সংগ্রহ করা যায়। এ সকল যন্ত্রপাতির তালিকা ও মেরাতম করে প্রস্তুত রাখা এবং পরিকল্পিত চাহিদা অনুযায়ী ব্যবহারের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | দ্রুত ফসল আহরণের জন্য প্রয়োজনীয় পূর্বপ্রস্তুতি গ্রহণ করতে হবে:<br>ক. শ্রমিক প্রস্তুত রাখা (প্রয়োজনে বাইরের জেলা থেকে শ্রমিক সংগ্রহের ব্যবস্থা গ্রহণ)<br>খ. ফসল আহরণে স্থানীয় সর্বসাধারণকে সম্পৃক্তকরণ<br>গ. ফসল আহরণের যন্ত্রপাতি (কম্বাইন্ড হার্ভেস্টার ইত্যাদি) এর তালিকা প্রণয়ন, যন্ত্রপাতিসমূহ মেরামত করে প্রস্তুত রাখা | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সুনামগঞ্জ/হবিগঞ্জ)<br>উপজেলা নির্বাহী কর্মকর্তা (সুনামগঞ্জ/হবিগঞ্জ)<br>উপজেলা কৃষি কর্মকর্তা (সুনামগঞ্জ/হবিগঞ্জ) |

সভায় আর কোন আলোচ্য বিষয় নাথাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার,সিলেট বিভাগ, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৪.০০১.২১.১০৪

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৭
২৪ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলীর দপ্তর. উত্তর পুর্বাঞ্চল. বাপাউবো, সিলেট
২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ
৪) অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয়,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল
৫) নির্বাহী প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী প্রকৌশলী এর দপ্তর ,হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
৬) নির্বাহী প্রকৌশলী (পুর) (রুটিন দায়িত্ব), নির্বাহী প্রকৌশলী এর দপ্তর, সুনামগঞ্জ পানি উন্নয়ন বিভাগ-১
৭) উপপরিচালক , উপপরিচালকের দপ্তর, উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হবিগঞ্জ
৮) উপপরিচালক , উপপরিচালকের কার্যালয়, উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ
৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ জেলা।
১০) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ
১১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
১২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লাখাই, হবিগঞ্জ
১৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বানিয়াচং, হবিগঞ্জ
১৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবীগঞ্জ, হবীগঞ্জ
১৫) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১৬) সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার